

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/২১৭


২১ সেপ্টেম্বর, ২০২২

**“সকল সম্মানিত সদস্যের জন্য”**

**বিষয়ঃ কোভিড-১৯ সিনোভ্যাক ভ্যাকসিন এর ১ম, ২য় এবং বুস্টার ডোজের বিশেষ ক্যাম্পেইন কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,  
আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম জোরদার করার জন্য ১ম, ২য় এবং বুস্টার ডোজ সিনোভ্যাক ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রম আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর ২০২২ পর্যন্ত পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে বিজিএমই’র আওতাধীন যে সব সদস্য প্রতিষ্ঠান এখনও সিনোভ্যাক ভ্যাকসিনের উল্লেখিত ডোজ গ্রহণ করে নাই তাদেরকে জরুরী ভিত্তিতে সিভিল সার্জন অফিস থেকে যথাযথ নিয়ম অনুসরণ পূর্বক টিকা গ্রহণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনাসহ সিভিল সার্জন, গাজীপুর কর্তৃক জারীকৃত পত্র স্মারক নং- সিএস,গাজী/প্রশা-১/২০২২/১৭৫১ তারিখ ২১/০৯/২০২২ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব

**অনুলিপি :**

- ১। সিভিল সার্জন গাজীপুর।
- ২। পিএস টু প্রেসিডেন্ট, বিজিএমইএ।
- ৩। পিএস টু অফিস বেয়ারার, বিজিএমইএ।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

স্মারকনং-সি.এস.গাজী/প্রশা-১/২০২২/১৭৫১

তারিখঃ-১১/০৯/২০২২খ্রিঃ।

বরাবর,

সভাপতি  
বিজিএমইএ,  
উত্তরা, ঢাকা।

*JS (Health)*  
*11/9/22*

বিষয়ঃ কোভিড-১৯ সিনোভ্যাক ভ্যাকসিন এর ১ম, ২য় এবং ৩য় ডোজের বিশেষ ক্যাম্পেইন কার্যক্রম পরিচালনা প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম জোরদার করার জন্য ১ম, ২য় এবং ৩য় ডোজ কোভিড-১৯ সিনোভ্যাক ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রম আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর ২০২২ খ্রিঃ পর্যন্ত পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে আপনার আওতাধীন যেসব প্রতিষ্ঠানসমূহ এখনও সিনোভ্যাক ভ্যাকসিনের উল্লেখিত ডোজগুলো গ্রহণ করে নাই তাদেরকে জরুরীভিত্তিতে সিভিল সার্জন অফিস থেকে যথাযথ নিয়ম অনুসরণ পূর্বক টিকা গ্রহণ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**প্রয়োজনীয় নির্দেশনা সমূহঃ-**

১. এই কার্যক্রমের আওতায় ১৮ বছর ও তদুর্ধ্ব নাগরিককে কোভিড-১৯ সিনোভ্যাক ভ্যাকসিন প্রদান করতে হবে।
২. যারা এখন পর্যন্ত কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ গ্রহণ করেননি তাদেরকে ১ম ডোজ হিসাবে সিনোভ্যাক ভ্যাকসিন প্রদান করতে হবে।
৩. ইতোপূর্বে যারা সিনোভ্যাক ভ্যাকসিন ১ম ডোজ গ্রহণ করেছিলেন কিন্তু ২৮ দিন/ ৪সপ্তাহ অতিক্রম করার পরও ২য় ডোজ গ্রহণ করেননি তাদেরকে ২য় ডোজ হিসাবে সিনোভ্যাক ভ্যাকসিন প্রদান করতে হবে।
৪. যে সকল ব্যক্তি ১ম এবং ২য় ডোজ হিসাবে সিনোভ্যাক ভ্যাকসিন গ্রহণ করেছে এবং ২য় ডোজ গ্রহণের ৪ মাস অতিক্রান্ত হয়েছে তাদেরকে ৩য় ডোজ হিসাবে সিনোভ্যাক ভ্যাকসিন প্রদান করতে হবে।
৫. টিকা গ্রহীতাকে কোভিড-১৯ টিকার কার্ড বা সনদ সাথে আনতে হবে। যদি টিকা কার্ড না থাকে তাহলে সেচ্ছাসেবীর মাধ্যমে লাইন লিস্টিং করে টিকা প্রদান করতে হবে।
৬. সকাল ৯ টা থেকে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে।
৭. কেন্দ্রে নারীদের পর্দা ঘেরা স্থানে পৃথক ভাবে এবং বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তি এবং স্তন্যদানকারী মাতাদেরকে অগ্রাধিকার দিয়ে ভ্যাকসিন প্রদান করতে হবে।

*[Signature]*  
(ডাঃ মোঃ খায়রুল্লাহমান)  
(কোড নং-৪৩৭৩২)  
সিভিল সার্জন, গাজীপুর।

তারিখঃ- /০৯/২০২২খ্রিঃ।

স্মারক নং-সি.এস.গাজী/প্রশা-১/২০২২/-

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ১। মহাপরিচালক, দৃষ্টি আকর্ষণ (সহকারী পরিচালক সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (পরিঃ ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, এমএনসিএক্সএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ৪। পরিচালক, এমআইএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ৫। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গাজীপুর
- ৭। অফিস নথি।

সিভিল সার্জন  
গাজীপুর।